খাগড়াছড়ি থেকে ঢাকাগামী বাসে মিলল বিদেশি পিস্তল, আটক ২



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের মিরসরাইয়ের করেরহাটে যাত্রীবাহী বাসে অভিযান চালিয়ে বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও গুলিসহ দুই ব্যক্তিকে আটক করেছে পুলিশ। শনিবার (২১ নভেম্বর) বিকেলে খাগড়াছড়ি থেকে ঢাকাগামী শান্তি পরিবহনের একটি বাসে তল্লাশি চালিয়ে তাদের আটক করা হয়।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জোরারগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হালিমের নেতৃত্বে পুলিশের একটি দল করেরহাট ইউনিয়নের নয়টিলা মাজার এলাকায় তল্লাশিচৌকি বসায়। এ সময় শান্তি পরিবহনের বাসটি সেখানে পৌঁছালে থামিয়ে তল্লাশি করা হয়।

বাসের দুই যাত্রী সালাহউদ্দিন আকবর (৪৪) ও ইবনে জাহিদের (৩৪) কাছ থেকে একটি ৭.৬২ মিলিমিটার বিদেশি পিস্তল, দুটি ম্যাগাজিন ও তিন রাউন্ড গুলি উদ্ধার করা হয়। পরে তাদের আটক করে থানায় নেওয়া হয়।

জোরারগঞ্জ থানার ওসি আব্দুল হালিম বলেন, ঢাকাগামী বাসটির দুই যাত্রীর কাছ থেকে অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়েছে। তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।